

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫১.২০-২০১

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭  
০২ ডিসেম্বর ২০২০

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রীতা ফারাহ নাঈজ, প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর বর্তমানে সংযুক্ত প্রশিক্ষণ-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ০৩/৪/২০১৬ তারিখে প্রশিক্ষণ কর্মকর্তা পদে পদোন্নতি লাভ করেন, পদটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান পদ। তাকে নিপোর্টের ১৮.১১.২০১৯ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.০০১.৩১.২৩২.১৯-১০২৪ নং স্মারকে জনস্বার্থে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ভাঙ্গা, ফরিদপুর, এর প্রশিক্ষণ কর্মকর্তার শূন্য পদে বদলি করা হলে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে অসুবিধা মর্মে উল্লেখ করে ঢাকায় থাকার জন্য লিখিত আবেদন করেন। তার আবেদন নামঞ্জুর হলে তিনি ০১.১২.২০১৯ খ্রি. তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদান করে ০২.১২.২০১৯ খ্রি. হতে ০৫.১২.২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করেন। নৈমিত্তিক ছুটির আবেদন করে ছুটি মঞ্জুর হওয়া ব্যতিরেকে প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রধান হিসেবে কর্মস্থল ত্যাগ করা সমীচীন নয় মর্মে নিপোর্টের ০৫.১২.২০১৯ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.০০১.৩১.২৩২.১৯-১০৭৬ নং স্মারকে তাকে জানানো হয়। তিনি ছুটির আবেদন প্রেরণ করে ০৮.১২.২০১৯ হতে ১৭.১২.২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত এবং ১৮.১২.২০১৯ হতে ২৯.০১.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত থাকেন। তিনি ২৯.০১.২০২০ হতে ২৪.০৩.২০২০ এবং ২৫.০৩.২০২০ হতে ০৫.০৫.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত যথাক্রমে আরও ৫৬ দিন ও ৪২ দিনের ছুটির জন্য আবেদন করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) হতে অনুরোধ জানানো হয়;


০২। যেহেতু, উক্ত অভিযোগে জনাব রীতা ফারাহ নাঈজ এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক অননুমোদিত অনুপস্থিতি, অর্পিত দায়িত্ব পালনে অনীহা ও কর্তব্যে অবহেলার জন্য 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৩। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আগ্রহ প্রকাশ করলে গত ২৩/১১/২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি বলেন, ২০১৮ সালে তার গলগাভার অপসারণ করা হয়। তখন তার আন্ট্রাসনোগ্রাম রিপোর্টে গাইনোকোলজীক্যাল সমস্যা ধরা পরে এবং সে কারণে তাকে নিয়মিত ডাক্তারের চিকিৎসায় থাকতে হয়। তাছাড়া ২০১০ সালে জরিপের কাজে ঢাকার বাইরে ফিল্ড ডিজিট করতে গিয়ে দুর্ঘটনায় তার ডান হাতের রেডিয়াস ও আলনা ভেঙে যায়। ভালভাবে জোড়া না লাগায় স্কু প্লেট এখনো খোলা হয়নি এবং নিয়মিত ডাক্তারের চেকআপে থাকতে হচ্ছে। তিনি বলেন, তার দুই ভাই বিদেশে থাকায় ক্যান্সারে তার মা মারা যাওয়ার পর অসুস্থ ও হৃদরোগে আক্রান্ত বৃদ্ধ বাবাকে তার দেখাশোনা করতে হয়। অভিযুক্ত কর্মকর্তাকে ওভারি ও ইউটেরাসের জটিলতার জন্য গাইনী বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে থাকতে হয়। অভিযুক্ত কর্মকর্তা তার অনিচ্ছাকৃত এহেন আচরণের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং তার ০৫ মাসের ছুটি মঞ্জুরের জন্য আবেদন জানান;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জটিল শারীরিক সমস্যায় রয়েছেন এবং তাকে নিয়মিত ডাক্তারের অবজারেশনে থাকতে হয়; যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দুই ভাই বিদেশে থাকেন বিধায় মা ক্যান্সারে মারা যাওয়ার পর তিনি বৃদ্ধ অসুস্থ বাবারও দেখাশোনা করেছেন; যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার শারীরিক সীমাবদ্ধতার বিষয়গুলো মানবিক ও বিবেচনায়োগ্য; যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তার অনিচ্ছাকৃত এহেন আচরণের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন;

০৫। সেহেতু, সার্বিক বিষয় বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব রীতা ফারাহ নাজ, প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর বর্তমানে সংযুক্ত প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়া হলো। তার অনুপস্থিতি সময়কালকে তার প্রার্থিত আবেদন বিবেচনাপূর্বক ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
০২/১২/২০২০  
(মোঃ আলী নূর)  
সচিব

নং : ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০-২০১

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭  
০২ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
- ২। পরিচালক (প্রশাসন), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫। (তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। জনাব রীতা ফারাহ নাজ, প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর বর্তমানে সংযুক্ত প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
০২/১২/২০২০  
(উম্মোকুলসুম)  
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: [disc1@mefwd.gov.bd](mailto:disc1@mefwd.gov.bd)